কখন যে বসন্ত গেল, এবার হল না গান ।
কখন বকুলমূল   ছেয়েছিল ঝরা ফুল,
কখন যে ফুল-ফোটা হয়ে গেল অবসান ॥
এবার বসন্তে কি রে   যুঁথিগুলি জাগে নি রে—
অলিকুল গুঞ্জরিয়া করে নি কি মধুপান ।
এবার কি সমীরণ   জাগায় নি ফুলবন—
সাড়া দিয়ে গেল না তো, চলে গেল ম্রিয়মাণ ॥
বসন্তের শেষ রাতে   এসেছি যে শূন্য হাতে—
এবার গাঁথি নি মালা, কী তোমারে করি দান ।
কাঁদিছে নীরব বাঁশি,   অধরে মিলায় হাসি—
তোমার নয়নে ভাসে ছলোছলো অভিমান ॥

---

Parjaay: Prem, Taal: Ara Theka, Raag: Pilu Baroa

Visit www.geetabitan.com for notation and other detail